NYC Health

# Medicaid সংক্রান্ত কাজের প্রয়োজনীয়তা

## আপনার এখন যা জানা দরকার এবং কীভাবে প্রস্তুতি নেবেন

জানুয়ারি 2027 থেকে শুরু করে, নতুন ফেডারেল কাজের প্রয়োজনীয়তাগুলি নির্দিষ্ট কিছু ব্যক্তিদের প্রভাবিত করবে যাদের Medicaid বীমা রয়েছে।

নতুন Medicaid সংক্রান্ত প্রয়োজনীয়তা মেনে চলার জন্য, ব্যক্তিদের অবশ্যই সংশ্লিষ্ট নথিপত্র প্রদান করতে হবে যে তারা প্রতি মাসে কমপক্ষে 80 ঘণ্টা কাজ করছেন, কাজের প্রশিক্ষণ প্রোগ্রামে অংশগ্রহণ করছেন, স্বেচ্ছাসেবা করছেন বা স্কুলে পড়াশোনা করছেন, অথবা তাদের পরিবার প্রতি মাসে কমপক্ষে $580 উপার্জন করে।

আপনি কাজের প্রয়োজনীয়তা থেকে অব্যাহতি পেতে পারেন যদি:

- আপনি গর্ভধারী হন বা বিগত 12 মাসের মধ্যে প্রসব করে থাকেন
- আপনি 14 বছরের কম বয়সী কোনো শিশু বা কোনো প্রতিবন্ধকতাযুক্ত ব্যক্তির পিতা/মাতা, অভিভাবক বা পরিচর্যাকারী হন
- আপনার সাপ্লিমেন্টাল সিকিউরিটি ইনকাম (Supplemental Security Income, SSI) যোগ্যতার সংজ্ঞার আওতায় কোনো প্রতিবন্ধকতা থাকে
- আপনার বিশেষ চিকিৎসা সংক্রান্ত প্রয়োজন বা মানসিক স্বাস্থ্যগত অবস্থা থাকে যা আপনার কাজ করার ক্ষমতাকে উল্লেখযোগ্যভাবে ব্যাহত করে
- আপনি মাদক বা অ্যালকোহল ব্যবহারের চিকিৎসা প্রোগ্রামে অংশগ্রহণ করছেন
- আপনি সাপ্লিমেন্টাল নিউট্রিশন অ্যাসিস্ট্যান্স প্রোগ্রাম (Supplemental Nutrition Assistance Program, SNAP) (ফুড স্ট্যাম্প)-এ নথিভুক্ত আছেন এবং SNAP সংক্রান্ত কাজের প্রয়োজনীয়তার আওতাভুক্ত হন
- আপনি টেম্পোরারি অ্যাসিস্ট্যান্স ফর নিডি ফ্যামিলিজ (Temporary Assistance for Needy Families, TANF) (নগদ সহায়তা)-এ নথিভুক্ত আছেন এবং TANF কাজের প্রয়োজনীয়তা মেনে চলছেন
- আপনি গত 90 দিনের মধ্যে জেল বা কারাগার থেকে মুক্তি পেয়ে থাকেন
- আপনি কোনো হাসপাতাল, নার্সিং ফ্যাসিলিটি, ইন্টারমিডিয়েট কেয়ার ফ্যাসিলিটি বা অনুরূপ প্রতিষ্ঠানে ভর্তি রোগী হিসাবে সেবা গ্রহণ করছেন

New York State of Health-এর Stay Covered (কভারেজের আওতায় থাকুন) ওয়েবপেজ info.nystateofhealth.ny.gov/stay-covered-এ অব্যাহতির সম্পূর্ণ তালিকা দেখুন।

**নিউ ইয়র্ক সিটি স্বাস্থ্য বিভাগ নিউইয়র্কবাসীদের সহায়তার জন্য বিভিন্ন সুযোগ-সুবিধা ও তথ্য প্রদান করে, যার মধ্যে রয়েছেন কাউন্সেলরগণ যারা আপনার প্রশ্নের উত্তর দিতে পারেন এবং Medicaid বা অন্য কোনো বীমা পরিকল্পনার আওতায় বহাল থাকার জন্য নতুন শর্তাবলী পূরণে আপনাকে সহায়তা করতে পারেন।**

**নিউ ইয়র্ক সিটি স্বাস্থ্য বিভাগ-এর একজন প্রতিনিধির সাথে কথা বলতে 347-665-0214 নম্বরে কল করুন, অথবা nyc.gov/healthcoverage ভিজিট করুন এবং Health Insurance Inquiry Form (স্বাস্থ্য বীমা অনুসন্ধান ফর্ম)-এ ক্লিক করুন।**

## যদি আপনার Medicaid বীমা থাকে

1. **এই নতুন প্রয়োজনীয়তাগুলি আপনার ক্ষেত্রে প্রযোজ্য হবে কিনা তা জেনে নিন।** আপনার বয়স 19 থেকে 64 বছর হলে, আপনি প্রভাবিত হতে পারেন।
2. New York State of Health Marketplace-এ **আপনার যোগাযোগের তথ্য আপডেট করে রাখুন।** আপনি কীভাবে আপনার Marketplace অ্যাকাউন্টে প্রবেশ করতে হয় তা না জানলে, নিউ ইয়র্ক সিটি স্বাস্থ্য বিভাগ-এর একজন কাউন্সেলর আপনাকে সাহায্য করতে পারেন।
3. **New York State of Health Marketplace থেকে আসা অফিশিয়াল বার্তাগুলির দিকে খেয়াল রাখুন।** কীভাবে আপনার বীমা কভারেজ বজায় রাখবেন সে সম্পর্কে বার্তাগুলিতে গুরুত্বপূর্ণ তথ্য থাকতে পারে। নবায়ন বিজ্ঞপ্তির প্রতি বিশেষ মনোযোগ দিন। আপনি যদি ইতিমধ্যে Medicaid-এর অন্তর্ভুক্ত হয়ে থাকেন, তবে মার্চ 2027-এর নবায়ন থেকে শুরু করে আপনাকে এই কাজের প্রয়োজনীয়তার নিয়মগুলি মেনে চলতে হতে পারে।
4. **উপার্জনের তথ্য শেয়ার করার বিষয়টি বিবেচনা করুন।** New York State of Health Marketplace পেরোল সংক্রান্ত তথ্যে প্রবেশাধিকার পেতে Truv নামের একটি কোম্পানির সাথে অংশীদারিত্ব করছে, যার ফলে Medicaid সংক্রান্ত কাজের প্রয়োজনীয়তা যাচাই করা আরও সহজ হবে। Truv-এ অংশগ্রহণের ব্যাপারে আরও বিস্তারিত জানতে info.nystateofhealth.ny.gov/truv দেখুন।
5. **চিকিৎসাসেবা গ্রহণ অব্যাহত রাখুন।** আপনার যখন সেবার প্রয়োজন হবে তখন আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারীর সাথে দেখা করা অব্যাহত রাখা উচিত। আপনার বর্তমান কভারেজ সম্পর্কে নিশ্চিত না হলে, আপনার New York State of Health Marketplace অ্যাকাউন্ট পরীক্ষা করুন, 347-665-0214 নম্বরে কল করে একজন কাউন্সেলরের সাথে কথা বলুন, অথবা আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারীর সাথে আলোচনা করুন।
6. **কোথায় সাহায্য পাওয়া যাবে তা জেনে রাখুন।** আপনি যদি শর্ত পূরণ না করার নোটিশ পেয়ে থাকেন বা আপনার Medicaid নবায়নে সহায়তার প্রয়োজন হয়, তাহলে নিউ ইয়র্ক সিটি স্বাস্থ্য বিভাগকে 347-665-0214 নম্বরে কল করুন অথবা nyc.gov/healthcoverage -এ যান এবং Health Insurance Inquiry Form (স্বাস্থ্য বীমা অনুসন্ধান ফর্ম)-এ ক্লিক করুন।
7. **কভারেজ নির্বিশেষে স্বাস্থ্যসেবার বিকল্প ব্যবস্থা রয়েছে।** এমনকি আপনি আপনার Medicaid কভারেজ হারালেও, আপনার অভিবাসন স্থিতি বা অর্থ পরিশোধের সক্ষমতা নির্বিশেষে, বীমাবিহীন বাসিন্দাদের জন্য নিউ ইয়র্ক সিটিতে সাশ্রয়ী মূল্যে স্বাস্থ্যসেবার বিকল্প ব্যবস্থা রয়েছে। আপনি আপনার নিকটস্থ NYC Health + Hospitals-এর কোনো স্থানে অথবা nyccare.nyc-এ গিয়ে বা 646-692-2273 বা **311** নম্বরে কল করে স্বল্প খরচে বা বিনামূল্যে স্বাস্থ্যসেবা পেতে পারেন। আপনি findahealthcenter.hrsa.gov-এ গিয়েও আপনার স্থানীয় কমিউনিটি স্বাস্থ্য কেন্দ্রটি খুঁজে পেতে পারেন।

সর্বশেষ তথ্যের সাথে থাকুন। সর্বশেষ তথ্যের জন্য nyc.gov/healthcoverage ভিজিট করুন।